

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ২৩, ২০১৭

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ: ২২ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ/০৯ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৪১.০০১.১৮-২৫।—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি-৮৬ তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন ও বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯ এপ্রিল, ২০১৮ তারিখের স্মারক নং ১০.০০.০০০০.১২৫.৯৯.০০১.১৭.৩০৬ এর পরিপ্রেক্ষিতে আগামী ২৫ এপ্রিল, ২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য নির্বাচনের জন্য উক্ত বিধিমালায় বিধি-৭২, ৭৪, ৭৫, ৭৬, বিধি-৭৭ এর উপ-বিধি (১) এবং বিধি-৭৮ এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act of 1898) এর অধীন বিচারার্থে আমলে নেয়া ও সংক্ষিপ্ত বিচার সম্পন্নের নিমিত্ত তফসিলের ৩নং কলামে বর্ণিত উপজেলার অধীন ইউনিয়ন পরিষদসমূহের ৫নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাকে ভোটগ্রহণের পূর্বের দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দুই দিন অর্থাৎ ২৪-০৪-২০১৮ হতে ২৭-০৪-২০১৮ তারিখ পর্যন্ত মোট ০৪ (চার) দিনের জন্য নিয়োগ প্রদান করল:

ক্রম	জেলা	উপজেলা	ইউনিয়ন	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪	৫
১	নরসিংদী	সদর	নুরালাপুর মহিষাশুড়া	জনাব মোহাম্মদ ওয়ায়েজ আল করুনী সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নরসিংদী।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

নার্গিস ইসলাম

সিনিয়র সহকারী সচিব (আইন-১)।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ হরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৪৮৫৫)

মূল্য ৪ টাকা ৪.০০